

সংঘর্ষে আহত ৩

জাবিতে ছাত্রলীগের দু'গ্রুপের অস্ত্র নিয়ে মহড়া

■ জাবি সংবাদদাতা
জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে
হাতাহাতির ঘটনাকে কেন্দ্র করে
মশাররফ হোসেন হন এবং
আলবেরুন্নী হলের ছাত্রলীগ কর্মীদের
মধ্যে ধাওয়া-পাল্টা ধাওয়ার ঘটনা
ঘটে। এ সময় ছাত্রলীগ কর্মীরা
প্রকাশ্যে অস্ত্র নিয়ে মহড়া দেন এবং
তিন রাউন্ড গুলি বিনিময় হয়। এ
ঘটনায় আহত হন ৩ জন। আহতরা
মীর মশাররফ হোসেন হলের। তারা
হলেন- শামীম, ফাহাদ ও সাগর।

গতকাল বৃহস্পতিবার বিকেল সাড়ে
৪টায় এ ঘটনা ঘটে।
জানা যায়, বিশ্ববিদ্যালয়ের মুন্সী
চত্বরে মীর মশাররফ হোসেন হলের
ছাত্রলীগ কর্মী রেদওয়ানের (মার্কেটিং
বিভাগ, ৪০৩য় ব্যাচ) সঙ্গে
আলবেরুন্নী হলের ছাত্রলীগ সভাপতি
মহাক্বত আমিন, শিপিরের
কব্যাকাটাকাটি হয়। এক পর্যায়ে
তাদের মধ্যে হাতাহাতির ঘটনা ঘটে।
পরে মীর মশাররফ হোসেন হলের
ছাত্রলীগ কর্মীরা বিকেল সাড়ে ৪টায়
বিশ্ববিদ্যালয়ের মুন্সী চত্বরে গেলে
সেখানে আলবেরুন্নী হলের
ছাত্রলীগের একটি গ্রুপের সঙ্গে তারা
সংঘর্ষে জড়িয়ে পড়ে।

উফসিল বাতিলের দাবিতে
জাবিতে মানববন্ধন : সর্বদলীয়
সরকারের অধীনে দশম জাতীয়
সংসদ নির্বাচনের উফসিল বাতিল ও
উদ্ভাবনামূলক সরকার গঠনের
দাবিতে মানববন্ধন করেছে
বিশ্ববিদ্যালয় জাতীয়তাবাদী শিক্ষক,
কর্মকর্তা ও কর্মচারী, ডোরায়।
বৃহস্পতিবার সকাল ১০টায় শহীদ
মিনারে পাদদেশে এ মানববন্ধনে
উপস্থিত ছিলেন অধ্যাপক পামসুল
আলম, অধ্যাপক মোজাম্মেল হক,
অধ্যাপক কামরুল আহসান,
অধ্যাপক মাকরুমী সাত্তার, সুমা,
মমতাজ প্রমুখ।

জাবিতে এখনও অবরুদ্ধ দুই উপ-
উপাচার্য : জাতীয় মানবাধিকার
কমিশনের উদ্বেগ প্রকাশের পরও মুক্ত
হননি দুই উপ-উপাচার্য। গত ২০
নভেম্বর থেকে টানা নয় দিন নিষ্ক্রম
কার্যক্রমে অবরুদ্ধ আছেন তারা।
এদিকে অচলাবস্থা নিরসনে বামপন্থি
রাজনীতির সঙ্গে সংশ্লিষ্ট শিক্ষকরা
‘মানবের হাতে বন্দি বিশ্ববিদ্যালয়,
খুঁজে পড়াক জাহাঙ্গীরনগর’ এই
ব্যানারে বৃহস্পতিবার শহীদ মিনারে
সমাবেশ করেছেন।

সমাবেশে উপস্থিত ছিলেন
অধ্যাপক নাসিম আকতার হোসাইন,
অধ্যাপক রায়হান রাইন, অধ্যাপক
মানস কুমার চৌধুরী প্রমুখ।